

## প্রজ্ঞাপন

জুন ৩০, ২০১০ইং

নং-এসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/৪৫/প্রশাসন/-----ডিপজিটরি আইন, ১৯৯৯ (১৯৯৯ সনের ৬ নং আইন) এর ধারা ১৭-এর উপধারা (২)-এ প্রদত্ত ক্ষমতাবলে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন, সরকারের সহিত পরামর্শক্রমে, ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ এ নিম্নোক্ত সংশোধনী করিল, যথাঃ-

"১। তফসিল ৪ (ডিপজিটরি প্রদত্ত সেবার) ফি এর ক্রমিক নং ৩, এর কলাম ৩ (ফি হার) নিম্নলিখিত ভাবে প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

ক্রমিক নং	ফি এর খাত	ফি হার	ন্যূনতম ফি (টাকায়)	ফি নির্ধারণের ভিত্তি	পরিশোধকারী	কখন প্রদেয়
৩।	বার্ষিক হিসাব রক্ষণ ফি	ডিপজিটরি (বিও) হিসাব প্রতি বাৎসরিক ৫০০/- টাকা যাহার মধ্যে ডিপজিটরি (বিও) হিসাব প্রতি ২৫০/-টাকা হারে ডিপজিটরি কমিশনকে পরিশোধ করিবে। উক্ত ২৫০/- টাকার মধ্য হইতে ২০০/-টাকা কমিশন সরকারি কোষাগারে জমা করিবে।	-----	-----	অংশগ্রহণকারী/ হিসাব ধারক/ মিলিত (Omnibus) হিসাবের প্রত্যেক বিনিয়োগকারী।	বার্ষিক অগ্রিম (বার্ষিক হিসাব রক্ষণ ফি) প্রদানে ব্যর্থতার জন্য ডিপজিটরি অংশগ্রহণকারী বা ডিপজিটরি যে সব হিসাবে সিকিউরিটি নাই তাহা বন্ধ করিয়া দিবে। যদি কোন হিসাব এ সিকিউরিটি থাকে তবে ডিপজিটরি অংশগ্রহণকারী বা ডিপজিটরি ধার্যকৃত ফি (অতিরিক্ত কোন ফি প্রযোজ্য হইলে তাহা সহ) পরিশোধ না করা পর্যন্ত হিসাব সাসপেন্ড (suspend) করিয়া রাখিবে।

২। উক্ত ফি হার জুলাই ০১, ২০১০ইং হইতে কার্যকর হইবে।"

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে,-

মোঃ জিয়াউল হক খান্দকার  
চেয়ারম্যান।